



## প্রেস বিজ্ঞপ্তি

### আন্তর্জাতিক তথ্য অধিকার দিবস উপলক্ষে বরিশাল বিশ্ববিদ্যালয়ে প্রচারপত্র বিতরণ কর্মসূচি পালিত

বরিশাল বিশ্ববিদ্যালয়, ২৭ সেপ্টেম্বর ২০২৩ খ্রিঃ।

আন্তর্জাতিক তথ্য অধিকার দিবস ২০২৩ উপলক্ষে জনসচেতনতা বৃদ্ধিতে বরিশাল বিশ্ববিদ্যালয়ে প্রচারপত্র বিতরণ কর্মসূচি পালিত হয়েছে। ২৭ সেপ্টেম্বর ২০২৩ তারিখ সকাল ১১ টায় জনসংযোগ অফিসের উদ্যোগে বিশ্ববিদ্যালয়ের প্রশাসনিক ভবন ১ এর নিচ তলায় এ কর্মসূচির আয়োজন করা হয়। কর্মসূচির উদ্বোধন করেন বিশ্ববিদ্যালয়ের উপাচার্য প্রফেসর ড. মো. ছাদেকুল আরেফিন। অন্যান্যদের মধ্যে আরও উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন অনুষদের ডিন, রেজিস্ট্রার, বিভাগীয় প্রধান, প্রভোস্ট, পরিচালক, শিক্ষকমণ্ডলী, শিক্ষার্থীবৃন্দ, দপ্তরপ্রধান, কর্মকর্তা, এপিএ কমিটির সদস্যবৃন্দ, এপিএ ফোকাল পয়েন্ট, এপিএ সংক্রান্ত পাঁচটি কম্পোনেন্টের ফোকাল পয়েন্ট এবং বিকল্প ফোকাল পয়েন্টসহ জনসংযোগ অফিসের কর্মকর্তা ও কর্মচারীরা। এসময় শিক্ষক, শিক্ষার্থী, কর্মকর্তা ও কর্মচারীদের মাঝে প্রচারপত্র বিতরণ করেন উপাচার্য মহোদয়সহ অন্যান্যরা।

কর্তৃপক্ষের নির্দেশক্রমে

উপ-পরিচালক (চ. দা.)

জনসংযোগ অফিস